

আমাদের পাকবে না চুল গো — মোদের পাকবে না চুল ।

আমাদের ঝরবে না ফুল গো — মোদের ঝরবে না ফুল ।

আমরা ঠেকব না তো কোনো শেষে, ফুরোয় না পথ কোনো দেশে রে,

আমাদের ঘুচবে না ভুল গো — মোদের ঘুচবে না ভুল ।

আমরা নয়ন মুদে করব না ধ্যান করব না ধ্যান ।

নিজের মনের কোণে খুঁজব না জ্ঞান খুঁজব না জ্ঞান ।

আমরা ভেসে চলি স্রোতে স্রোতে সাগর-পানে শিখর হতে রে,

আমাদের মিলবে না কুল গো— মোদের মিলবে না কুল ॥

Parjaay: Bichitro, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail